দৈনিক ইনকিলাব

তারিখ ...26 JAN 1997...
পৃঃ ৩ কলাম ৩

23

ভিসির গদি দখলের কর্মসূচী দেয়া হচ্ছে ঃ ৭১ জন শিক্ষক

# ভিসির দেয়া সকল নিয়োগ বাতিল দাবী করেছে রাজশাহী ভার্সিটি শিক্ষক সমিতি

রাঃ বিঃ রিপোর্টার ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ভিসি কর্তৃক গত ৮ জানুয়ারীর পরিবর্তে যে সকল নিয়োগ দেয়া হয়েছে তা বাতিলের দাবী জানিয়েছে। গতকাল সমিতির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সূত্র জানিয়েছে, শিক্ষক সমিতির সভায় তুমুল বাক-বিতন্ডা হয়। এক পর্যায়ে উপরোক্ত সিদ্ধান্ত নেয়ার প্রাককালে জনৈক সদস্যের প্রশ্নের জবাবে বলা হয়, ভিসি কর্তৃক দেয়া নিয়োগ '৭৩-এর বিশ্ববিদ্যালয় এ্যাক্ট পরিপন্থী নয়। তবুও আমরা তা মানি না। এগুলো বাতিল করতে হবে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের ৭১ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে বলেছেন, গত ৭ জানুয়ারী আওয়ামী বামপন্থী শিক্ষকগণ ডীন সিন্ডিকেট ও শিক্ষক সমিতির নির্বাচনে জয়লাভের অব্যবহিত পরে ভিসির গদিটি গায়ের জোরে দখলের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী দিচ্ছেন এবং সারাদেশ জুড়ে সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট সংবাদ ব্যাপকভাবে প্রচার করে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। বিবৃতিতে বলা হয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আহত হয়েছে– মর্মে কয়েকটি দৈনিকে সংবাদ ছাপা হয়েছে। এ সংবাদে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ফেডারেশন এ ঘটনার নিন্দা করেছে। যা সারা দেশে আলোড়ন সৃষ্টি করেছে। এ সংবাদটি সম্পূর্ণই মিথ্যা। এখানে কোনো শিক্ষক আহতের ঘটনা ঘটেনি। বিবৃতিতে স্বাক্ষরদাতাদের মধ্যে রয়েছেন, ডঃ আমিনুল ইসলাম, প্রফেসর এস ফিউজি মাহতাবওয়ালী, প্রফেসর নজরুল ইসলাম, ডঃ আমীরুজ্জামান খান, শাহ হাবীবুর রহমান, প্রফেসর কোরবান আলী, দেলওয়ার হোসেন, সাদেকুল ইসলাম, ডঃ জাবিদ হোসেন, নূর মোহাম্মদ, তারেক ফজল, উমার আলী, মাজেদ চৌধুরী, আখতারুজ্জামান, নজরুল ইসলাম, কাজী ছাইদুল ইসলাম, নির্ঝর রহমান, আমজাদ হোসেন, ওয়াহেদুল ইসলাম প্রমুখ।